

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
এপিএ, এনআইএস, এসডিজি ও ইনোভেশন সেল

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের 'নৈতিকতা কমিটি'র ১ম সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন

ক্র. নং	বিষয়	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
১	নৈতিকতা কমিটি পুনর্গঠন	১. বিদ্যমান নৈতিকতা কমিটিতে সদস্য হিসেবে এ বিভাগের অনুবিভাগ প্রধানগণকে অন্তর্ভুক্ত করে কমিটি পুনর্গঠন করতে হবে। গঠিত কমিটিতে প্রয়োজনে সদস্য কো-অপট করার সুযোগ রাখতে হবে;	এ বিভাগের অনুবিভাগ প্রধানগণকে অন্তর্ভুক্ত করে ০৪/১০/২০২২ তারিখে নৈতিকতা কমিটি পুনর্গঠন করা হয়েছে।
২	শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা	২. ২০২২-২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিক বাস্তবায়নান্তে সকল প্রমাণক সংগ্রহ করে নির্ধারিত সময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ এবং ওয়েবসাইটে আপলোড করতে হবে;	২০২২-২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিক বাস্তবায়নান্তে সকল প্রমাণক সংগ্রহ করে ১৩ অক্টোবর ২০২২ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে।
৩	সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, তথ্য অধিকার, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন	৩. সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, তথ্য অধিকার, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নপূর্বক প্রতিবেদন নির্ধারিত সময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ এবং ওয়েবসাইটে আপলোড করতে হবে।	সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, তথ্য অধিকার, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নপূর্বক প্রতিবেদন ১৩ অক্টোবর ২০২২ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ ও এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।
৪	সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, তথ্য অধিকার, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন (দপ্তর-সংস্থা)	৪. আওতাধীন দপ্তর-সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, তথ্য অধিকার, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নপূর্বক প্রতিবেদন নির্ধারিত সময়ে এ বিভাগে প্রেরণ এবং স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করতে হবে।	আওতাধীন দপ্তর-সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, তথ্য অধিকার, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নপূর্বক ১ম ত্রৈমাসিক প্রতিবেদন নির্ধারিত সময়ে এ বিভাগে প্রেরণ করা হয়েছে।

(রুজিনা সুলতানা)  
উপসচিব